

চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ

ডাকঘর ও থানা : বায়েজিদ বোস্তামী, চট্টগ্রাম সেনানিবাস, চট্টগ্রাম-৪২১০

নিয়োগ বিজ্ঞপ্তি

অত্র প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত পদে প্রতিষ্ঠানের প্রচলিত বিধি অনুযায়ী শিক্ষক/কর্মকর্তা নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

পদের নাম ও সংখ্যা	যোগ্যতা	বয়স	বেতনক্রম
প্রভাষক (হিসাব বিজ্ঞান) - ০১ জন	(১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রিসহ ২য় শ্রেণি/সমমানের জিপিএ'র স্নাতকোত্তর ডিগ্রি। অথবা (২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণি/সমমানের জিপিএ'র স্নাতক (সম্মান) ডিগ্রি। (শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না)	অনুর্ধ্ব ৩২ বছর (বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য) এমপিওভুক্ত শিক্ষকদের ক্ষেত্রে পূর্ববর্তী কলেজের এমপিও অত্র কলেজের অনুকূলে স্থানান্তর করা হলেই কেবল অভিজ্ঞতা গণনা করা হবে।	৯ম গ্রেড
প্রদর্শক (পদার্থবিদ্যা) - ০১ জন	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি/সম্মান। (শিক্ষাজীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে না)	অনুর্ধ্ব ৩২ বছর	১০ম গ্রেড
ড্রাইভার (চুক্তিভিত্তিক) - ০১ জন	এসএসসি। অধিকতর অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যেতে পারে। ড্রাইভিং লাইসেন্স (হেভি) থাকতে হবে। পাঁচ বছরের হেভি গাড়ি চালানোর বাস্তব অভিজ্ঞতা ও মেডিকেল ফিটনেস থাকতে হবে।	অনুর্ধ্ব ৩৫ বছর (সামরিক বাহিনীর অবসর প্রাপ্তদের ক্ষেত্রে শিথিলযোগ্য)	১৪ গ্রেড সর্বসাকুল্যে ২২০০০/-
ল্যাবঃ এটেনডেন্ট-জীববিজ্ঞান (চুক্তিভিত্তিক) - ০১ জন	এসএসসি (বিজ্ঞান) ২য় বিভাগ/সমমানের জিপিএ। সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	অনুর্ধ্ব ৩২ বছর	২০ গ্রেড সর্বসাকুল্যে ১৬০০০/-
ক্রিনার (চুক্তিভিত্তিক) - ০১ জন	৮ম শ্রেণি/জেএসসি উত্তীর্ণ। সংশ্লিষ্ট পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	অনুর্ধ্ব ৩২ বছর	২০ গ্রেড সর্বসাকুল্যে ১৬০০০/-

নিয়মাবলী :

- শিক্ষক নিয়োগের ক্ষেত্রে ইনডেক্সধারী/শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণদেরকে অগ্রাধিকার দেয়া হবে। নিয়োগযোগ্য পদগুলো এমপিও ভুক্তির যোগ্য নহে, তবে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদেরকে ১০০% বেতন ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে।
- আগ্রহী প্রার্থীগণকে আগামী ১১ জুন ২০২৬ তারিখের মধ্যে আবেদনপত্রের সাথে সভাপতি, পরিচালনা পর্ষদ, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ এর অনুকূলে সোনালী ব্যাংক/ট্রাস্ট ব্যাংক লি: থেকে ৫০০ টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ জীবনবৃত্তান্ত, পাসপোর্ট আকারের সাম্প্রতিক সময়ের ২ কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি অধ্যক্ষ, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, বায়েজিদ, চট্টগ্রাম সেনানিবাস-৪২১০ এ ঠিকানায় জমা দিতে হবে।
- ১৭ জুন ২০২৬ তারিখ সকাল ০৯:০০ ঘটিকায় লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং মৌখিক ও ডেমনস্ট্রেশন পরীক্ষার তারিখ পরে জানানো হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার TA/DA প্রদান করা হবে না।
- চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। যথানিয়মে আবেদন না করলে যে কোন আবেদন বাতিল করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- কর্তৃপক্ষের নির্দেশে নিয়োগযোগ্য শিক্ষকদের যে কোন শ্রেণিতে পাঠদান করতে হবে।

অন্যান্য সুবিধাদি :

- প্রতিষ্ঠানের বিধি অনুযায়ী মূল বেতন, বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, শিক্ষা সহায়ক ভাতা, উৎসাহ ভাতা, নববর্ষ ভাতা, উৎসব ভাতাসহ অন্যান্য ভাতাদি এবং গ্র্যাচুইটি ও প্রভিডেন্ট ফান্ড সুবিধা প্রদান করা হবে। ইহা চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্তদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।
- জাতীয় শিক্ষা সপ্তাহ- ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯, ২০২০, ২০২১ ও ২০২২ তে বিভাগীয় পর্যায়ে মোট সাতবার শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে নির্বাচিত এ প্রতিষ্ঠানে রয়েছে আকর্ষণীয় কর্ম পরিবেশ। এ প্রতিষ্ঠানে আগ্রহী শিক্ষকদের জন্য আবাসন সুবিধা, প্রতিষ্ঠানের পরিবহণে যাতায়াত সুবিধা, প্রতিষ্ঠানের চিকিৎসক কর্তৃক চিকিৎসা সুবিধা এবং শিক্ষকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে।

অধ্যক্ষ